

শরীরকে কথা বলতে দাও

আমার শরীরকে বিশ্বাস করো,
তোমার সাথে কথা বলতে দাও।
আমার সবটুকু সত্যি তোমার কানে কানে বলতে দাও,
জোরে ও স্পষ্টভাবে, বাধাহীন।

ওকে বলতে দাও, নিজেকে ঘোষণা করতে দাও।
যেসব লড়াই ও করেছে তাদের কথা বলতে দাও
ব্যথা সহ্য করে ওর বুক যখন ফুলে উঠেছিল,
আমার ঘরের দীর্ঘ শেকলের ভেতর।

সেইসব ব্যথার কথা বলতে দাও যা ওকে অস্বস্তিতে ফেলে
যা শুষে নিয়েছে পুরনো চিমড়ে একটা ন্যাকড়া
যখন আমার প্রথম রক্তপাতের লাল সাটিন
কমোডের সাদা ঢালকে মুড়ে নিয়েছিল।

ও হাঁটার সেইসব ভঙ্গি আর সৌন্দর্য নিয়ে কথা বলুক
যা ও বহু বছর ধরে বাঁচিয়ে রেখেছে।
সেইসব লালসার কথা বলুক
আর ভালোবাসার কথা, আর পুঁতে দেয়া সব স্বপ্নের কথাও।

অচেনা বিছানায় নিজেকে সমর্পণের,
প্রায় অচেনা একজনের
লালসাকে তৃপ্ত করার
সেইসব অত্যাচারের কথা বলুক।

জন্ম দেয়া আর হারিয়ে ফেলা সন্তানদের কথা বলুক,
বহু দুর্গন্ধযুক্ত ক্ষরণ, আর ঋতুবন্ধের দিকে
হেঁটে যাওয়ার সময় ওর হাঁটুর ব্যথার কথা।

জোরে বলতে দাও, নিজেকে মেলে ধরার সময় যেমনটা হয়।

বুদ্ধিহীন তোমাদের কাছে নিজের পরিচয় দিক ও,
এটা শরীর নয় যা তোমরা ধর্ষণ করতে পার, বরং
একটা মারাত্মক অস্ত্র। নিজের মধ্যে ও
জীবন্ত প্রকৃতিকে, তার আগুনকে ধরে রাখে।

শরীর কথা বলে।